

পঞ্চম শ্রেণি পর্যন্তই থাকছে প্রাথমিক শিক্ষা

প্রাথমিকে ষষ্ঠ-অষ্টম ভর্তি বন্ধের নির্দেশ

■ ইত্তেফাক রিপোর্ট

‘জাতীয় শিক্ষানীতি ২০১০’ অনুসারে প্রাথমিক শিক্ষা অষ্টম শ্রেণি পর্যন্ত সম্প্রসারণের উদ্যোগ নিয়েছিল বিগত আওয়ামী লীগ সরকার। তবে প্রাথমিক বিদ্যালয়গুলোতে প্রয়োজনীয় অবকাঠামো নেই। রয়েছে শিক্ষক সংকট। নানান সংকটের মুখে সেই উদ্যোগ থেকে সরে এসেছে অন্তর্বর্তী সরকার। এজন্য আগামী ২০২৬ শিক্ষাবর্ষে পঞ্চম শ্রেণি পর্যন্ত থাকছে প্রাথমিক শিক্ষা। প্রাথমিকে ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণিতে ভর্তি বন্ধে ব্যবস্থা নিতে নির্দেশনা দিয়েছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

সম্প্রতি প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক ও সংশ্লিষ্টদের নির্দেশনা দিয়ে এ সংক্রান্ত চিঠি পাঠানো হয়েছে। তবে শুধু যেসব প্রাথমিক বিদ্যালয়ে অষ্টম শ্রেণি পর্যন্ত চালু রয়েছে, তাদের জন্য এ নির্দেশনা প্রযোজ্য হবে। আদেশে বলা হয়েছে, ‘জাতীয় শিক্ষানীতি ২০১০’ অনুসারে প্রাথমিক শিক্ষার মেয়াদ পাঁচ বছর থেকে বৃদ্ধি করে আট বছর অর্থাৎ, অষ্টম শ্রেণি পর্যন্ত সম্প্রসারণ করা হবে। এক্ষেত্রে অ্যাকাডেমিক কার্যক্রম বিবেচনায় বিদ্যালয়গুলোতে প্রয়োজনীয় অবকাঠামো নেই। পাশাপাশি পাঠদানের জন্য রয়েছে শিক্ষক সংকট ও দক্ষতার ঘাটতি। এতে আরো বলা হয়, প্রাথমিক ও উপানুষ্ঠানিক শিক্ষার মানোন্নয়নে গঠিত কনসালটেশন (পরামর্শক) কমিটির প্রতিবেদনে এমন তথ্য উঠে আসার পর প্রাথমিক বিদ্যালয়ে ষষ্ঠ শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি বন্ধ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তাই ২০২৬ শিক্ষাবর্ষ থেকে ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি থাকা স্কুলগুলোতে ভর্তি বন্ধের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আদেশ দেওয়া হয়েছে।